# রংপুর কমিউনিটি মেডিকেল কলেজ

মেডিকেল পূর্বগেট, রংপুর।

ফোনঃ ০৫২১-৫৩৮৮১-২, মোবাইলঃ ০১৭০-৮৯০৭২৯০, ০১৭০-৮৯০৭২৯১

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বর্ষব্যাপি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন

২৮ জানুয়ারী রোজ মঙ্গলবার সকাল ১১.৩০ সকল ছাত্র-ছাত্রীদের সমবেত কণ্ঠে জাতীয় সংগীত এবং পতাকা উত্তোলনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপনের বর্ষব্যাপী কর্মসূচী আনুষ্ঠানিক উদ্বোধন হয়। এর পরপরই বেলুন ও পায়রা উড়ানো হয়। বর্ষব্যাপী কর্মসূচীর সার্বিক দিক নির্দেশনা দিয়ে একাত্মতা প্রকাশ করেন মাননীয় চেয়ারম্যান নীলু আহসান সরকার এবং ব্যবস্থাপনা পরিচালক নাজমুল আহসান সরকার। এ সময় উপস্থিত ছিলেন রংপুর কমিউনিটি মেডিকেল কলেজের পরিচালকবৃন্দ, অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অধ্যাপকবৃন্দ, প্রভাষকবৃন্দ, সকল বর্ষের শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং অতিথি হিসেবে রংপুর গ্রুপ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক আশরাফুল আলম আল আমিন। উদ্বোধন অনুষ্ঠান সঞ্চালনা করেন অধ্যাপক ডাঃ সৈয়দ মামুনুর রহমান। এ সময় মুজিব বর্ষের লোগো প্রদর্শন করেন অধ্যাপক ডাঃ হামিদুল হক খন্দকার। বর্ষব্যাপী কর্মসূচীর ব্যানার উন্মোচন করেন অধ্যক্ষ অধ্যাপক ডাঃ আফরোজা বুলবুল আখতার। বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও বেদীর নকশা উন্মোচন করেন রংপুর গ্রুপ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক আশরাফুল আলম আল আমিন। অত্র কলেজের ডুপ্লেক্স লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার এর শুভ উদ্ধোধন করেন অধ্যক্ষ মহোদয় এবং অন্যান্য অতিথিবৃন্দ। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও মুজিববর্ষ উদযাপনের জন্য গঠিত হয়েছে বিভিন্ন উপ-পরিষদ। সকল উপ পরিষদের প্রধান সমন্বয়ক উপাধ্যক্ষ অধ্যাপক ডাঃ এম.এম.এ ওয়াদুদ মোস্তফা। ক্রীড়া উপ-পরিষদ এর কর্মসূচীর মধ্যে রয়েছে বঙ্গবন্ধু ফুটবল টুর্নামেন্ট, বঙ্গবন্ধু ক্রিকেট টুর্নামেন্ট, বঙ্গবন্ধু ব্যাডমিন্টন টুর্নামেন্ট, বঙ্গবন্ধু দাবা টুর্নামেন্ট। ক্রীড়া উপ-পরিষদ এর সমন্বয় করবেন সহকারী অধ্যাপক ডাঃ শাহ আহসানুল ইমরান। সাংস্কৃতিক সপ্তাহ ও বিতর্ক প্রতিযোগীতা উপ-পরিষদ এর কর্মসূচীর মধ্যে রয়েছে বঙ্গবন্ধু ও স্বাধীনতার উপর গান, নৃত্য, কবিতা আবৃতি, একক অভিনয়, বিতর্ক প্রতিযোগীতা ও আলোচনা সভা। সাংস্কৃতিক উপ-পরিষদ এর সমন্বয় করবেন অধ্যাপক ডাঃ মুহাঃ আব্দুর রহিম। প্রচার ও প্রকাশনা উপ-পরিষদ এর কর্মসূচীর মধ্যে রয়েছে সুভিনিয়ার প্রকাশ, ব্যানার, ফেস্টুন, দেয়াল লিখন। প্রকাশনা ও প্রচার উপ-পরিষদ এর সমন্বয় করবেন সমন্বয়ক অধ্যাপক ডাঃ সৈয়দ মামুনুর রহমান। প্রতিকৃতি ও বেদী স্থাপন উপ-পরিষদ এর কর্মসূচীর মধ্যে রয়েছে ১৭ মার্চ ২০২০ এর পূর্বে কলেজ ক্যাম্পাসে প্রতিকৃতি ও বেদী স্থাপন। প্রতিকৃতি ও বেদী স্থাপন উপ-পরিষদ এর সমন্বয় করবেন সহকারী অধ্যাপক ডাঃ মৃগাঙ্ক ভট্টাচার্য। লাইব্রেরী কর্ণার উপ-পরিষদ এর কর্মসূচীর মধ্যে রয়েছে কলেজ ভবনে বঙ্গবন্ধু লাইব্রেরী কর্ণার স্থাপন, লাইব্রেরী কর্ণারের জন্য বঙ্গবন্ধু ও স্বাধীনতার উপরে ২ হাজার বই সংগ্রহ। লাইব্রেরী কর্নার এর সমন্বয় করবেন সহযোগী অধ্যাপক ডাঃ মোছাঃ আরেফা আকতার। ১৭ মার্চ ২০২০ উদযাপন উপ-পরিষদ এর কর্মসূচীর মধ্যে রয়েছে আনন্দ র‍্যালী আয়োজন, র‍্যালীকে আকর্ষনীয় করতে রয়েছে ঘোড়ার গাড়ি, গরুর গাড়ি, রিক্সা, মাইক, ব্যান্ডপার্টি, পুস্পস্তবক, গ্যাস বেলুন, সাদা পায়রা, কেক, ব্যানার,প্লাকার্ড, ফ্লাগ, আলোক সজ্জা, টি-শার্ট, ক্যাপ, অন্যান্য। ১৭ মার্চ ২০২০ র‍্যালী ও সাজসজ্জা উপ-পরিষদ এর সমন্বয় করবেন সহযোগী অধ্যাপক ডাঃ গোলাম ইউসুফ। উল্লেখ থাকে যে, মুজিব বর্ষ পালনের সকল কর্মসূচি স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়েছে।

অধ্যক্ষ

অধ্যাপক ডাঃ আফরোজা বুলবুল আখতার

# রংপুর কমিউনিটি মেডিকেল কলেজ, রংপুর

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদ্‌যাপনের জন্য গঠিত বিভিন্ন উপ-পরিষদের প্রস্তবিত কর্মসূচীঃ




| উপ-পরিষদ | প্রস্তাবিত কর্মসূচী | |
|---|---|---|
| ক্রীড়া উপ-পরিষদ | **ছাত্রদের জন্যঃ**<br>➢ বঙ্গবন্ধু ফুটবল টুর্নামেন্ট<br>➢ বঙ্গবন্ধু ব্যাটমিন্টন টুর্নামেন্ট<br>➢ বঙ্গবন্ধু দাবা টুর্নামেন্ট<br><br>**শিক্ষক মন্ডলীদের জন্যঃ**<br>➢ শিক্ষক বনাম ইন্টার্ন ডাক্তার প্রীতি ফুটবল ম্যাচ<br>➢ শিক্ষক - শিক্ষিকাদের বালিশ খেলা<br>➢ শিক্ষক - শিক্ষিকাদের হাড়িভাঙ্গা খেলা | **ছাত্রীদের জন্যঃ**<br>➢ বঙ্গবন্ধু ব্যাটমিন্টন টুর্নামেন্ট<br>➢ বঙ্গবন্ধু দাবা টুর্নামেন্ট<br>➢ মার্বেল দৌড়<br><br>**কর্মকর্তা/কর্মচারীঃ**<br>➢ কর্মকর্তা/কার্মচারী (পুরুষ) ঃ ফুটবল খেলা<br>➢ কর্মকর্তাদের বালিশ খেলা<br>➢ কর্মচারীদের বালিশ খেলা |
| সাংস্কৃতিক সপ্তাহ ও বিতর্ক প্রতিযোগীতা উপ-পরিষদ | **১। ১৭ মার্চ ২০২০ জন্মশত বার্ষিকিতে সাংস্কৃতিক অনুষ্ঠানঃ**<br>➢ গান<br>➢ কবিতা<br>➢ নৃত্য<br>➢ বন্ধবন্ধু রচনা থেকে পাঠ<br>➢ ডকুমেন্টারী প্রদর্শন<br>➢ আলোচনা সভা | **২। মুজিববর্ষে বর্ষ ব্যাপী প্রতিযোগীতাঃ**<br>➢ বিতর্ক প্রতিযোগীতা<br>➢ বঙ্গবন্ধু ও স্বাধীনতার উপর গান, নৃত্য, কবিতা আবৃতি, একক অভিনয় |

| উপ-পরিষদ | প্রস্তাবিত কর্মসূচী |
|---|---|
| প্রচার ও প্রকাশনা উপ-পরিষদ | ➢ সুভিনিয়ার প্রকাশ<br>➢ জন্মশত বার্ষিকি ও মুজিববর্ষে বিভিন্ন কর্মসূচীতে ব্যানার, ফেস্টুন, দেয়াল লিখন |
| প্রতিকৃতি ও বেদী স্থাপন উপ-পরিষদ | ১৭ মার্চ ২০২০ এর পূর্বে কলেজ ক্যাম্পাসে প্রতিকৃতি ও বেদী স্থাপন |
| লাইব্রেরী কর্ণার উপ-পরিষদ | কলেজ ভবনে বঙ্গবন্ধু লাইব্রেরী কর্ণার স্থাপন<br><br>লাইব্রেরী কর্ণানের জন্য বঙ্গবন্ধু ও স্বাধীনতার উপরে ২ হাজার বই সংগ্রহ |
| ১৭ মার্চ ২০২০ উদযাপন উপ-পরিষদ | জন্মশত বার্ষিকিতে আনন্দ র‍্যালী আয়োজন<br><br>র‍্যালীকে আকর্ষনীয় করতে প্রস্তাবিত বিষয় সমূহঃ<br><br>ঘোড়ার গাড়ি, গরুর গাড়ি, রিক্সা, মাইক, ব্যান্ডপার্টি, পুস্পস্তবক, গ্যাস বেলুন, সাদা পায়রা, কেক, ব্যানার,প্লাকার্ড, ফ্লাগ, আলোক সজ্জা, টি-শার্ট, ক্যাপ, অন্যান্য |

মুজিব শতবর্ষ MUJIB 100

রংপুর কমিউনিটি মেডিকেল কলেজ, রংপুর

মুজিব শতবর্ষ MUJIB 100

মুজিব শতবর্ষ MUJIB 100

মুজিব শতবর্ষ MUJIB 100

মুজিব শতবর্ষ MUJIB 100

# বঙ্গবন্ধু লাইব্রেরী কর্ণার

বঙ্গবন্ধু লাইব্রেরী কর্ণার




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষে প্রস্তাবিত প্রতিকৃতি ও বেদী
রংপুর কমিউনিটি মেডিকেল কলেজ, রংপুর